

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 26 April, 2025

সংস্কার নিয়ে ঐকমত্য কমিশনের সঙ্গে মতবিনিময় করবে বাংলাদেশ জামায়াতে ইসলামী। শনিবার (২৬ এপ্রিল) সকাল সাড়ে ১০টায় জাতীয় সংসদ ভবনের এলডি হলে মতবিনিময় শুরু হওয়ার কথা রয়েছে।

জানা গেছে, বৈঠকে জামায়াতে ইসলামীর নেতৃত্ব দেবেন নায়েবে আমির ও সাবেক সংসদ সদস্য ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের। পরে সংবাদ সম্মেলনে বিস্তারিত জানাবে জামায়াতের প্রতিনিধি দলটি।

এর আগে গত ২০ মার্চ সংখ্যানুপাতিক নির্বাচন ও দুই কক্ষের সংসদের দাবি জানিয়ে জাতীয় ঐকমত্য কমিশনের কাছে লিখিত প্রস্তাব জমা দেয় জামায়াতে ইসলামী। সেসময় সংবিধান, জনপ্রশাসন, বিচার বিভাগ, নির্বাচন কমিশনসহ বেশ কিছু বিষয়ে মতামতও দেওয়া হয়। নির্দিষ্ট সময় নয়, নিরপেক্ষ নির্বাচনের জন্য যতটুকু সময় দরকার তা সরকারকে জামায়াত দিতে চায় বলেও জানান দলটির নেতারা।

ঐকমত্য কমিশন জাতীয় সংসদ বাংলাদেশ জামায়াতে ইসলাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 18:04

URL: <https://timestodaybd.com/bangladesh/7758071442>